বঙ্গীয় সাহিত্য-পরিষদের

অষ্টম বার্ষিক

কার্য্য-বিবরণ।

বঙ্গাব্দ ১৩০৮।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ কার্য্যালয়, ১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট,

কলিকাতা।

কলিকাতা।

[illegible] নং রামধন মিত্রের লেন শ্যামপুকুর "বিশ্বকোষ প্রেস"

এ এন্ বসু এণ্ড কোম্পানি দ্বারা মুদ্রিত।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

সংখ্যা।

কার্য্য-বিবরণ

অষ্টম বার্ষিক বিবরণ।

(বঙ্গাব্দ ১৩০৮)

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ—বর্ত্তমান ১৩০৯ সালের আরম্ভের সঙ্গে সঙ্গে অষ্টম বর্ষ অতিক্রম করিয়া নবম বর্ষে পদার্পণ করিয়াছেন। সভ্যবর্গের ও সাধারণের অবগতির জন্য পরিষদের কার্য্যনির্ব্বাহক সমিতি, ইহার অষ্টম বর্ষের (১৩০৮ বঙ্গাব্দের) নিম্নলিখিত কার্য্যবিবরণ তাঁহাদের নিকট উপস্থিত করিতেছেন।

২। অষ্টম বর্ষে—বঙ্গীয় সাহিত্য-পরিষদের সভ্যগণের সংখ্যা বৃদ্ধি হইয়াছে, কার্য্যক্ষেত্রের বিস্তৃতি সাধিত হইয়াছে, সঙ্গে সঙ্গে ইহার প্রতি মাতৃভাষানুরক্ত, কৃতবিদ্য ব্যক্তিগণের সহানুভূতি আকৃষ্ট হওয়ায়, পরিষৎ উত্তরোত্তর উন্নতিপথে ক্রমশই অগ্রসর হইতেছে। আলোচ্য বর্ষে অনেক-গুলি বিদ্যোৎসাহী রাজন্য এবং সঙ্গতিশালী ব্যক্তি ইহাতে যোগদান করায়, পরিষদের উদ্দেশ্যগুলি সংসাধিত হইবার পক্ষে আমাদের আশা বিশেষরূপ বদ্ধ-মূল হইয়াছে। আলোচ্যবর্ষে যাঁহারা পরিষদের কার্য্য সুসম্পন্ন করিবার পক্ষে আন্তরিক যত্ন করিয়াছেন, তাঁহাদের নিকট পরিষদের কৃতজ্ঞতা-ঋণ সামান্য নহে। তাঁহাদের মধ্যে অনেকেই যশ বা অর্থলাভের আশা না করিয়া, অনেক স্থলে অনেকে যশ বা অর্থলাভের সুবিধা ত্যাগ করিয়া, মাতৃভাষার সেবাদ্বারা আত্ম-তৃপ্তি লাভই প্রচুর পুরস্কার মনে করিয়া থাকেন। এই সকল মহানুভব ব্যক্তির যত্ন ও পরিশ্রমের ফলে আলোচ্য বর্ষে পরিষদের এতটা উন্নতি হইয়াছে। মাতৃভাষার প্রতি সাধারণ অনুরাগ বৃদ্ধি করিবার উদ্দেশ্যে পরিষৎ যে আলোচ্য বর্ষেও পূর্ব্ব পূর্ব্ব বর্ষের ন্যায় সামান্যমাত্র সহায়তা করিতে পারিয়াছে, তাহা মনে করিলে পরিষদেরও আনন্দের সীমা থাকে না।

৩। **সভ্যসংখ্যা**—আলোচ্যবর্ষের প্রারম্ভে পরিষদের সভ্য-সংখ্যা ৫২৩ ছিল এবং তদ্বর্ষে নির্ব্বাচিত সভ্যের সংখ্যা ২০৩ জন। ১৩০৭ সালের এবং আলোচ্য বর্ষে নির্ব্বাচিত সভ্যগণের মধ্যে যাঁহাদিগের নিকট "প্রবেশিকা" পাওয়া যায় নাই, তাঁহাদের সংখ্যা ৬৮৬। সুতরাং পরিষদের নিয়মানুসারে তাঁহাদিগকে সভ্যশ্রেণীভুক্ত করিতে পারা যায় নাই। অবশিষ্ট সভ্যগণের আলোচ্য বর্ষে ২৭ জন সভ্য পদত্যাগ করিয়াছেন এবং ৭ জনের মৃত্যু হইয়াছে। এইগুলি বাদ দিয়া বর্ষশেষে পরিষদের সভ্য-সংখ্যা ৫৯৮ হইয়াছে। মোটের উপর ১৩০৭ সালের সভ্যসংখ্যা অপেক্ষা আলোচ্য বর্ষে ৭৫ জন সভ্য বৃদ্ধি হইয়াছে। ['ক' পরিশিষ্ট দ্রষ্টব্য।]

৪। **বিশিষ্ট সভ্য**—নিয়মানুসারে পরিষদে দ্বাদশজন বিশিষ্ট সভ্য থাকিতে পারেন, তন্মধ্যে তিনজনের স্থান শূন্য আছে। আলোচ্য বর্ষে কাহাকেও বিশিষ্ট সভ্যরূপে নির্ব্বাচিত করা হয় নাই। যে নয়জন বিশিষ্ট সভ্য আছেন, তাঁহাদের নাম নিম্নে প্রদত্ত হইল,—

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম, এ, বি, এল।
২। শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বি, এল।
৩। " দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
৪। " নবীনচন্দ্র সেন বি, এ।
৫। " রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৬। সার উইলিয়ম ওয়েডারবার্ন।
৭। মিঃ [illegible] বার্ড্‌উড্।
৮। মিঃ জন বীম্‌স্ *
৯। শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত, সি, আই, ই।

৫। **বিশেষ সভ্য**,—যাঁহারা পরিষদের উন্নতির জন্য অর্থ সাহায্য ভিন্ন অন্য উপায়ে বিশেষ ভাবে উপকার সাধন করিয়া থাকেন বা যাঁহাদের নিকট পরিষৎ ঐরূপ কোন উপকারের আশা করেন, তাঁহারা সাধারণ সভ্যরূপে নির্ব্বাচিত হইতে নানা কারণে অক্ষম হইলে, তাঁহাদিগকে যাহাতে পরিষদের সভ্যরূপে গ্রহণ করিতে পারা যায়, এই উদ্দেশ্যে পরিষৎ আলোচ্য বর্ষের ২৭শে মাঘের মাসিক অধিবেশনে দ্বাদশজন "বিশেষ সভ্য" নির্ব্বাচনের ব্যবস্থা করিয়াছেন। কার্য্য-নির্ব্বাহক সমিতির নির্দ্দেশমত মাসিক অধিবেশনে সম্পাদকের প্রস্তাবমতে বিশেষ সভ্য নির্ব্বাচিত হইবেন। আলোচ্য বর্ষে এই নিয়মানুসারে পণ্ডিত শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী এবং আনোয়ারা স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত আব্দুল করিম মহাশয়দ্বয়কে বিশেষ সভ্যরূপে গ্রহণ করা হইয়াছে।

* এই কার্য্য-বিবরণ মুদ্রণকালে মি, জন বীম্‌সের মৃত্যু হইয়াছে।

৬। যাবজ্জীবন-সভ্য—ইতঃপূর্ব্বে পরিষদে যাবজ্জীবন-সভ্য নির্ব্বাচনের কোন ব্যবস্থা ছিল না। ১৩০৭ সালের শেষভাগে উক্তরূপ সভ্য-নির্ব্বাচনের উপযোগিতা উপলব্ধি হওয়ায় ১৩০৭ সালের কার্য্য-নির্ব্বাহক সমিতিকর্ত্তৃক তাঁহাদের ১২শ অধিবেশনে ঐরূপ নিয়ম গঠিত হয় এবং ১৩০৮ সালের ১১শ মাসিক অধিবেশনে উহা অনুমোদিত হইয়া বিধিবদ্ধ হইয়াছে। এই নিয়মানুসারে বাঙ্গালার রাজন্যবর্গের মধ্যে সুপ্রসিদ্ধ বিদ্যোৎসাহী কুচবিহারের মহারাজ বাহাদুর পরিষদের সাধারণ তহবিলে এককালে ৫০০৲ টাকা দান করিয়া ইহার যাবজ্জীবন সভ্যপদ গ্রহণ করিয়াছেন। পরিষদের পক্ষে ইহা সামান্য শ্লাঘার কথা নহে। আশা করা যায়, বাঙ্গালার অন্যান্য রাজন্যবর্গ এবং ধনী ব্যক্তিগণ এইরূপে পরিষদের যাবজ্জীবন সভ্যপদ গ্রহণ করিয়া ইহাকে অনুগৃহীত ও বিশেষরূপে উৎসাহিত করিবেন।

৭। সভ্যের পদোন্নতি,—পরিষদের অন্যতম সদস্য, স্বদেশহিতৈষী ও মাতৃভাষানুরক্ত মাননীয় শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্,এ;বি,এল্ মহাশয় আলোচ্য বর্ষের শেষভাগে হাইকোর্টের বিচারক-পদে প্রতিষ্ঠিত হইয়াছেন। এই ঘটনায় পরিষৎ আপনাকে গৌরবান্বিত মনে করিয়া গত ২রা চৈত্রের মাসিক সাধারণ অধিবেশনে সাতিশয় আনন্দ প্রকাশ এবং তাঁহাকে সম্বর্দ্ধনা করিয়াছিলেন।

৮। সভ্যের পদত্যাগ,—আলোচ্যবর্ষে যে ২৭ জন সভ্য পদত্যাগ করিয়াছেন, তাঁহাদের মধ্যে (ক) শ্রীযুক্ত অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি এবং (খ) শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের নাম উল্লেখ-যোগ্য। (ক)—অচ্যুত বাবু একজন সুলেখক। তিনি প্রাচীন বৈষ্ণব সাহিত্যের যথেষ্ট আলোচনা করিয়া বঙ্গভাষানুরাগী ব্যক্তিমাত্রেরই কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। তিনি পরিষদের সংস্রব ত্যাগ করায় পরিষৎ দুঃখিত হইয়াছেন। (খ) রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা। তাঁহারই আলয়ে ১২৯৯ সালে মিঃ লিওটার্ড ও শ্রীযুক্ত ক্ষেত্রপাল চক্রবর্ত্তী মহাশয় The Academy of Bengali Literature নামে বাঙ্গালা সাহিত্যালোচনী সভার বীজবপন করিয়াছিলেন। ১৩০১ সালে সেই বীজ অঙ্কুরিত হইয়া বঙ্গীয় সাহিত্য-পরিষদ্-বৃক্ষের উদ্ভব হইয়াছে। ১৩০৬ সালের শেষভাগ পর্য্যন্ত সাহিত্য পরিষৎ, রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের আলয়ে অবস্থিত ও তাঁহার স্নেহে যত্নে বিবর্দ্ধিত

হইয়াছিল। আলোচ্য বর্ষের প্রথমেই তিনি ইহার সভাপদ ত্যাগ করেন। সাধারণ সভ্যপদ ব্যতীত রাজা বিনয়কৃষ্ণ কএক বৎসর গ্রন্থপ্রকাশ তহবিলের ধনরক্ষকের কার্য্য করিয়া এবং কার্য্যনির্ব্বাহক সমিতির সদস্যপদে নির্ব্বাচিত হইয়া পরিষদের অনেক উপকার করিয়াছেন। একাদিক্রমে ছয়বৎসর কাল যে পরিষৎ তাঁহার আলয়ে লালিত পালিত হইয়াছিল, আজ সেই পরিষদের স্থায়ী আবাস-নির্ম্মাণের আয়োজন হইতেছে। এসময়ে প্রথম আশ্রয়দাতা রাজা বিনয়কৃষ্ণের সহিত সংস্রবশূন্য হওয়াতে পরিষৎ বিশেষ কষ্ট অনুভব করিতেছেন।

৯। সভ্যের মৃত্যু,—বিশেষ দুঃখের সহিত প্রকাশ করিতে হইতেছে যে আলোচ্য বর্ষে পরিষদের নিম্নলিখিত সাতজন সভ্যের মৃত্যু হইয়াছে,—

১। ৺ ব্রজলাল মিত্র।
২। ৺ যোগেশচন্দ্র মুখোপাধ্যায়।
৩। " কুমার সত্যেন্দ্রনাথ দে।
৪। " শরচ্চন্দ্র সরকার।
৫। " যোগেন্দ্রচন্দ্র ঘোষ।
৬। " বিরজাভূষণ চট্টোপাধ্যায়।
৭। " রজনীনাথ রায় এম্, এ।

ইহাদের মধ্যে যোগেন্দ্র বাবু সাহিত্য-সংসারে সুপরিচিত। তিনি অসাধারণ পণ্ডিত ও সাহিত্যানুরাগী ছিলেন। তাঁহার ন্যায় বিদ্যাচর্চ্চা-পরায়ণ লোক প্রায় দেখা যায় না। তাঁহার পাণ্ডিত্যের পরিচায়ক গবেষণাপূর্ণ মৌলিক রচনা সকল একসময়ে "বঙ্গদর্শনের" অলঙ্কার স্বরূপ ছিল। তাঁহার মৃত্যুতে সাহিত্য-পরিষদের একজন গণ্যমান্য ও প্রকৃত সাহিত্যসেবী সভ্যের অভাব হইল।

শরৎ বাবুর সাহিত্যানুরাগ মুকুলিত হইবার সময়েই তাঁহাকে অকালে কাল-কবলে পড়িতে হইল। ইহা অতীব দুঃখের বিষয়। পরিষদের প্রতি তাঁহার স্নেহ ও যত্ন ছিল। পরিষৎ-পুস্তকালয়ে তিনি বহুসংখ্যক পুস্তক উপহার দিয়া গিয়াছেন। কয়েকবৎসর তিনি ইহার কার্য্যনির্ব্বাহক সমিতির সদস্যপদে নির্ব্বাচিত হইয়া ইহার কার্য্য সুশৃঙ্খলে নির্ব্বাহ করিয়া গিয়াছেন। সম্প্রতি তিনি বহু গবেষণা সহকারে মহাভারতের ঐতিহাসিক তত্ত্বালোচনায় নিযুক্ত ছিলেন। উহা শেষ করিয়া যাইতে পারিলে বাঙ্গলা সাহিত্যের বিশেষ উপকার হইত। তাঁহার মৃত্যুতে পরিষৎ একজন হিতৈষী বন্ধু হারাইয়াছেন।

কুমার সত্যেন্দ্রনাথ দে বালেশ্বর-রাজবংশের সাহিত্যানুরাগী বংশধর ছিলেন। তিনি অল্পদিন মাত্র পরিষদের সভ্য হইয়াছিলেন। কিন্তু সেই

অন্নদিনেই তিনি পরিষৎকে স্নেহ চক্ষে দেখিতে আরম্ভ করিয়াছিলেন। তিনি কয়েকখানি উড়িয়া পুস্তক উপহার দিয়া গিয়াছেন।

রজনী বাবু বিশ্ববিদ্যালয়ের অলঙ্কার এবং দেশের গৌরবস্থল ছিলেন। রাজকার্য্যের হিসাব-পরীক্ষা-বিভাগে যে উচ্চপদে তিনি উন্নীত হইয়াছিলেন, তাঁহার পূর্ব্বে সে পদে আর কোন বাঙ্গালী কখন আসন পান নাই। সুখ্যাতির সহিত ঐরূপ উচ্চপদে কর্ম্ম করিয়া রজনী বাবু স্বজাতির মুখোজ্জ্বল করিয়া গিয়াছেন। তিনি একবার অনুগ্রহ করিয়া পরিষদের আয় ব্যয়-পরীক্ষকের পদ গ্রহণ করিয়াছিলেন। তাঁহার মৃত্যুতে দেশের ও পরিষদের ক্ষতি হইয়াছে।

পরিষদের নিয়মানুসারে যথাসময়ে মাসিক অধিবেশনে এই সকল সভ্যের মৃত্যুতে শোক প্রকাশ করা হইয়াছে।

১০। অধিবেশনাদি, —আলোচ্য বর্ষে পরিষদের একাদশটি মাসিক ও একটী বিশেষ অধিবেশন হইয়াছিল। পঞ্চম মাসিক অধিবেশনে শ্রীযুক্ত মাখনলাল দীক্ষিত, শ্রীযুক্ত ক্ষীরোদ প্রসাদ বিদ্যাবিনোদ এম, এ এবং পণ্ডিত শ্রীরাম শাস্ত্রী মহাশয় কবিতাদির আবৃত্তি করিয়া পরিষদের ধন্যবাদ-ভাজন হইয়াছেন। পরিষদের বর্ত্তমান কার্য্যালয়ের স্থানসঙ্কীর্ণতা-বশতঃ একাধিক অধিবেশন Calcutta University Institute Hall এ হইয়াছিল। Institute এর কর্ত্তৃপক্ষগণ এজন্য পরিষদের বিশেষ কৃতজ্ঞতার পাত্র।

(ক) বিশেষ অধিবেশন,—মান্দ্রাজ হইতে শ্রীযুক্ত বেমুরী শ্রীরাম শাস্ত্রি-নামক একজন অসাধারণ মেধাসম্পন্ন পণ্ডিত কলিকাতায় আগমন করেন। যুগপৎ নানাবিষয়ে মনঃসংযোগ, নানা প্রকার শ্লোক রচনা এবং পাদপূরণে তাঁহার ক্ষমতা অতীব বিস্ময়কর। ইঁহার এই ক্ষমতা পরীক্ষা ও ইঁহাকে সম্বর্দ্ধনা করিবার জন্য পরিষদের একটী বিশেষ অধিবেশন ২৩শে ভাদ্র তারিখে হইয়াছিল। সভায় অনেকানেক সংস্কৃতাভিজ্ঞ গণ্যমান্য দেশীয় পণ্ডিতবর্গকে আহ্বান করা হইয়াছিল। উপস্থিত ব্যক্তিমাত্রই পণ্ডিতপ্রবরের আশ্চর্য্য ক্ষমতা দেখিয়া বিস্মিত হইয়াছিলেন। পরিষৎ হইতে তাঁহাকে পরিষদের সাধ্যমত ৪০ টাকা পুরস্কার দেওয়া হয়। কয়েকখানি সংবাদপত্রে এই অধিবেশনের দীর্ঘ বিশদ বিবরণ প্রকাশিত হইয়াছিল।

(খ) মাসিক অধিবেশন,—ভিন্ন ভিন্ন মাসিক অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বা পঠিত বলিয়া গৃহীত হইয়াছিল।

প্রবন্ধ	লেখক	অধিবেশন
১। নবাবী আমলের চিত্রকলা	শ্রীযুক্ত কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় বি, এ,	১ম
২। জগন্নাথতীর্থে জব চার্ণক ও কলিকাতার স্থাপয়িতা	" বলেন্দ্রনাথ ঠাকুর,	ঐ
৩। অষ্টক বাদ	" বৃন্দাবন পাল	২য়
৪। ইশাখাঁ মসনদ্-ই-আলী	" আনন্দনাথ রায়,	ঐ
৫। বাঙ্গালা ব্যাকরণ	" মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ	৩য়
৬। সৌন্দর্য্য—জ্ঞান, নীতি, প্রকাশ, ও রুচি	" সত্যেন্দ্রনাথ ঠাকুর	৪র্থ
৭। বাঙ্গালা কৃৎ ও তদ্ধিত	" রবীন্দ্রনাথ ঠাকুর	৫ম
৮। জয়পুরের ইতিহাস	" শ্রীশচন্দ্র ঘোষ	ঐ
৯। বাঙ্গালার সহিত প্রাকৃতের সাদৃশ্য	" কালিদাস নাথ	৬ষ্ঠ
১০। বাঙ্গালা ভাষা ও ব্যাকরণ	" রবীন্দ্রনাথ ঠাকুর	৭ম
১১। ব্যাকরণ ও বাঙ্গালা ভাষা	" শরচ্চন্দ্র শাস্ত্রী	৮ম
১২। মহারাষ্ট্র-সংবাদ	" দীনেশচন্দ্র সেন বি, এ	৯ম
১৩। গৌড়ের পালরাজগণ	" রমেশচন্দ্র শেঠ বি, এল	ঐ
১৪। বঙ্গ গীত	" দেবেন্দ্রপ্রসাদ ঘোষ	১০ম
১৫। শুভঙ্করী পাঁচালী	" তারকেশ্বর ভট্টাচার্য্য	১১শ
১৬। বাঙ্গালা ভাষার উচ্চারণ	" যদুনাথ মজুমদার এম,এ; বি, এল,	ঐ

যে সকল প্রবন্ধ পঠিত হইয়াছিল, তাহার শ্রেণীবিভাগ করিলে দেখা যায় যে, আলোচ্য বর্ষে ঐতিহাসিক বিষয়ে তিনটি, প্রত্নতত্ত্ব বিষয়ে তিনটি, দার্শনিক বিষয়ে একটী, বর্ণ-বিজ্ঞান-সম্বন্ধে একটি, ভাষাতত্ত্ব সম্বন্ধে পাঁচটি ও প্রাচীন বাঙ্গালা সাহিত্য সম্বন্ধে একটি প্রবন্ধ পড়া হইয়াছে।

১১। উৎসবাদি,—আলোচ্যবর্ষে ১৩০৭ সালের বার্ষিক অধিবেশন ও বার্ষিক উৎসব দুই বিভিন্ন দিনে হইয়াছিল।

(ক) সপ্তম বার্ষিক উৎসব,—১৩০৮ সালের ২৯শে বৈশাখ তারিখে ভারত-সঙ্গীত-সমাজ-গৃহে সপ্তমবার্ষিক উৎসব সম্পন্ন হইয়াছিল। সঙ্গীত-সমাজের কর্তৃপক্ষগণ, কেবল সমাজ-গৃহ পরিষদের ব্যবহারার্থ দান করিয়াই ক্ষান্ত হন

নাই, সঙ্গীত, নাট্যাভিনয় ও সভ্যবর্গের আদর অভ্যর্থনার ভার লইয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। তাঁহাদের সাহায্য ব্যতীত পরিষদের সপ্তম বার্ষিক উৎসব সেরূপ সমারোহে কখনই সুসম্পন্ন হইতে পারিত না।

(খ) বড়দিনের উৎসব—বড়দিনের অবকাশে কংগ্রেস, কায়স্থসভা, থিইষ্টিক কনফারেন্স প্রভৃতি বহুতর সভাসমিতি উপলক্ষে কলিকাতায় বহু সুধী-ব্যক্তির সমাগম হইয়াছিল। সেই সময়ে পরিষদের মফস্বলবাসী অনেকানেক সভ্যও কলিকাতায় আসিয়াছিলেন। তাঁহাদের অভিনন্দনের জন্য পরিষৎ আলবার্ট হলে একটি সান্ধ্যসমিতির অনুষ্ঠান করিয়াছিলেন। পরিষদের সভ্য ব্যতীত সে অনুষ্ঠানে নানাদেশীয় বহু প্রসিদ্ধ ব্যক্তিও আহূত হইয়াছিলেন, তাঁহারাও উপস্থিত হইয়া পরিষৎকে কৃতার্থ করিয়াছিলেন।

পরিষদের এই উভয়বিধ উৎসবে নিম্নলিখিত মহোদয়গণ বিশেষ সাহায্য করিয়াছিলেন। এস্থলে তাঁহাদের নাম উল্লেখ না করিয়া থাকিতে পারা যায় না। সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর, সহকারী সভাপতি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, অন্যতম সভ্য শ্রীযুক্ত রায় প্রমথনাথ চৌধুরী, প্রসিদ্ধ অভিনেতা শ্রীযুক্ত অর্দ্ধেন্দুশেখর মুস্তফী, সুগায়ক শ্রীযুক্ত রজনীকান্ত সেন বি এল, শ্রীযুক্ত বলাইচাঁদ শীল, শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বন্দোপাধ্যায়, ভবানীপুর বাণীবিলাস সংস্কৃত নাট্যসম্প্রদায়, ভারত-সঙ্গীত সমাজের নাট্যসম্প্রদায় এবং সুপটু তৈলচিত্রকর শ্রীযুক্ত উপেন্দ্রনাথ সিংহ মহাশয়ের নাম বিশেষ রূপে উল্লেখযোগ্য। বাস্তবিক উক্ত মহাশয়গণের সহায়তা ব্যতীত পরিষৎ উৎসবব্যাপারে কৃতকার্য্য হইতে পারিতেন না। সমিতি এজন্য তাঁহাদের নিকট বিশেষরূপে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। উৎসাহের জন্য স্থান দিয়া বিশেষ উপকার করায় পরিষৎ ভারত-সঙ্গীতসমাজের কর্তৃপক্ষগণের নিকট এবং আলবার্ট হলের সম্পাদক মহাশয়দিগের নিকট কৃতজ্ঞতা জানাইতেছেন।

১২। কর্ম্মচারিগণ,—আলোচ্যবর্ষে সপ্তম বার্ষিক অধিবেশনের দিন নিম্নলিখিত ব্যক্তিগণ পরিষদের অষ্টমবর্ষের নিমিত্ত নিম্নলিখিত কর্ম্মচারি-পদে নির্ব্বাচিত হইয়াছিলেন,—

১।	শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর	সভাপতি।
২।	" রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ; বি, এল্	সম্পাদক।

৩।	শ্রীযুক্ত মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী	
৪।	" রবীন্দ্রনাথ ঠাকুর	সহকারী সভাপতিত্রয়।
৫।	" ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়	
৬।	" ব্যোমকেশ মুস্তফী	
৭।	" হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বিএ,	সহকারী সম্পাদকদ্বয়।
৮।	" হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ; বি এল্	ধনরক্ষক।
৯।	" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ	পত্রিকাসম্পাদক।
১০।	" কিরণচন্দ্র দত্ত	গ্রন্থরক্ষক।
১১।	" বাণীনাথ নন্দী	
১২।	" চারুচন্দ্র ঘোষ	আয়-ব্যয়-পরীক্ষকদ্বয়।

এতদ্ভিন্ন আলোচ্যবর্ষে শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত জীবনচন্দ্র আদিত্য এবং শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু পরিষদের সভ্য না হইয়াও পরিষদের পুস্তকালয়ের কার্য্যে যথেষ্ট যত্ন, পরিশ্রম এবং গ্রন্থরক্ষককে বিশেষ ভাবে সাহায্য করিয়াছিলেন। এজন্য পরিষৎ তাঁহাদিগের নিকট বিশেষ কৃতজ্ঞ।

আলোচ্যবর্ষে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ঘোষ পরিষদের বেতনভোগী লেখক ছিলেন। আলোচ্যবর্ষের শেষভাগে পত্রিকা-সম্পাদক এবং প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলীর প্রধান সম্পাদক মহাশয়কে সাহায্য করিবার জন্য পর পর দুইজন অস্থায়ী বেতনভোগী লোক নিযুক্ত হইয়াছিলেন। তাঁহাদের কেহই স্থায়িভাবে কর্ম্মে নিযুক্ত হন নাই।

১৩। **কার্য্যনির্ব্বাহক-সমিতি,**—বার্ষিক নির্ব্বাচনের নিয়মানুসারে আলোচ্য বর্ষের কার্য্যনির্ব্বাহক সমিতির জন্য যে আটজন সভ্য প্রথম হইতে অষ্টম স্থান অধিকার করেন, তাঁহাদের মধ্যে কয়েকজন কর্ম্মচারিপদে বৃত হওয়ায়, তাঁহাদের স্থানে তাঁহাদের অব্যবহিত পরবর্ত্তী ব্যক্তিগণকে গ্রহণ করিয়া ১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে চারিজন মনোনীত ও আটজন নির্ব্বাচিত সভ্য লইয়া কার্য্যনির্ব্বাহক সমিতি গঠিত হইয়াছিল। নিম্নে উক্তবিধ সভ্যের নাম প্রদত্ত হইল।

কার্য্যনির্ব্বাহক সমিতি,—বার্ষিক সভ্যনির্ব্বাচনের নিয়মানুসারে আলোচ্য বর্ষের কার্য্য-নির্ব্বাহক-সমিতির জন্য যে আট জন সভ্য প্রথম হইতে অষ্টম স্থান অধিকার করেন, তাঁহাদের মধ্যে কয়েক জন কর্ম্মচারি-পদে বৃত হওয়ায় তাঁহাদের স্থানে তাঁহাদের অব্যবহিত পরবর্ত্তী ব্যক্তিগণকে গ্রহণ করা হয়। ১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে চারিজন মনোনীত ও ঐ আট জন নির্ব্বাচিত সভ্য লইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইয়াছিল। নিম্নে উভয় বিধ সভ্যের নাম প্রদত্ত হইল,—

(ক) নির্ব্বাচিত সভ্যগণ,—

১। শ্রীযুক্ত কুমার শরৎকুমার রায়, এম্, এ।
২। " অমৃতকৃষ্ণ মল্লিক, বি, এল্।
৩। " নরেন্দ্রনাথ মিত্র, বি, এল্।
৪। " সুরেশচন্দ্র সমাজপতি।
৫। শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ।
৬। " নগেন্দ্রনাথ গুপ্ত।
৭। " চারুচন্দ্র ঘোষ।
৮। " অক্ষয়কুমার বড়াল।

(খ) মনোনীত সভ্যগণ,—

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্ এ, বি এল।
২। " ললিতচন্দ্র মিত্র, এম্ এ।
৩। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
৪। " গোবিন্দলাল দত্ত।

এতদ্ব্যতীত পরিষদের নিয়মানুসারে কর্ম্মচারীদিগের মধ্যে আয়ব্যয়-পরীক্ষক-দ্বয় ব্যতীত আর সকলেই এই সমিতির সভ্য বলিয়া গণ্য হন।

অতীব দুঃখের সহিত জানাইতে হইতেছে যে, শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু মহাশয় পারিবারিক দুর্ঘটনায় কাতর হওয়ায় এবং শ্রীযুক্ত ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় মহাশয় রাজকার্য্যের গুরুভারে ব্যস্ত থাকায় কার্য্য-নির্ব্বাহকসমিতির কোন অধিবেশনে উপস্থিত হইতে পারেন নাই। অন্য সভ্যগণ যথাসম্ভব সমিতির কার্য্যে সহায়তা করিতে ক্রটি করেন নাই।

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির চতুর্দ্দশটী অধিবেশন হইয়াছিল। ঐ সকল অধিবেশনে পরিষদের কার্য্য-সংক্রান্ত বিবিধ আবশ্যক বিষয় আলোচিত এবং কতকগুলি বিশেষ কার্য্যের অনুষ্ঠান করা হইয়াছিল।

(ক) বিশেষ বিশেষ উল্লেখ যোগ্য কার্য্যাদি—

১। ১৩০৭ সালের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে স্থির হইয়াছিল, প্রাচীন পুথির বিবরণ স্বতন্ত্র পত্রাঙ্ক দিয়া পত্রিকায় মুদ্রিত হইবে। আলোচ্য বর্ষে

নানা কারণে পত্রিকা সম্পাদকের অভিপ্রায় অনুসারে তাহা হয় নাই, কিন্তু আলোচ্য বর্ষে এত অধিক পরিমাণে পুথির বিবরণ সংগৃহীত হইয়াছে যে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি ব্যবস্থা করিয়াছেন, পত্রিকার চতুর্থ সংখ্যাখানি কেবল বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণে পূর্ণ থাকিবে অথবা তাহা সম্ভবপর না হইলে, পুথির বিবরণ অতিরিক্ত সংখ্যারূপে প্রকাশিত হইবে।

২। ৺ মাইকেল মধুসূদন দত্তের মৃত্যুর তারিখের অতি অল্পদিন পূর্ব্বে পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বিশ্বেশ্বর সেন মজুমদার মহাশয় উঁহার স্মরণার্থ পরিষদের একটি বিশেষ অধিবেশন করিবার প্রস্তাব করিয়া পাঠান। কার্য্য-নির্ব্বাহক-সমিতি ঐ সম্বন্ধে স্থির করেন, প্রস্তাব অতি মহৎ হইলেও এত অল্প সময়ের মধ্যে কিছু করা যাইতে পারে না এবং কেবল মধুসূদনের জন্য এরূপ সভা করা পরিষদের পক্ষে সমীচীন নহে; ঐ প্রকারের কিছু করিতে হইলে, ৺ রাজা রামমোহন রায়, ৺ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ৺ অক্ষয়কুমার দত্ত, ৺ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় প্রভৃতি অনেক মনীষীর জন্যই ঐরূপ স্মৃতি-সভার অধিবেশন আবশ্যক হয় এবং তাহার বার্ষিক অনুষ্ঠান হওয়াও কর্ত্তব্য। পরে নানা আলোচনায় স্থির হইয়াছিল, এক বৎসরের জন্য উহার মীমাংসা স্থগিত থাকিবে।

(৩) পরিষদের বর্ত্তমান্ কার্য্যালয়ের নিকট কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র পাঠাগার আছে। এই গুলিকে একত্রিত করিয়া যদি পরিষদের পুস্তকালয়ের সহিত মিলাইয়া উহাকে বর্দ্ধিত করা যাইতে পারে, তাহা হইলে, পরিষদের উপযুক্ত একটি পুস্তকালয় হইবার সুবিধা হয়,—এই ভাবে একটি প্রস্তাব শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় গত বৎসর উপস্থিত করিয়াছিলেন। এই প্রস্তাব কার্য্যে পরিণত করিবার সম্বন্ধে বিবেচনা করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রস্তাবক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, শ্রীযুক্ত নরেন্দ্র নাথ মিত্র ও শ্রীযুক্ত হীরেন্দ্র নাথ দত্তকে লইয়া একটি অস্থায়ী শাখা সমিতি করিয়া দিয়াছেন। এই সমিতির এখনও জানা যায় নাই।

(৪) বাঙ্গালা ভাষায় খ্যাতনামা গ্রন্থকার ও লেখকবর্গের স্মৃতি-চিহ্নস্বরূপ তাঁহাদের আলোক-চিত্র (Photographs), হস্তাক্ষর, চিঠিপত্র ও

লিখিত গ্রন্থাদির পাণ্ডুলিপি পরিষদে সংগ্রহ করিবার প্রস্তাব হইয়াছিল। আলোচনার পর স্থির হইয়াছে, গৃহ-নির্ম্মাণ-কার্য্য শেষ হওয়া পর্য্যন্ত এই সকলের সংগ্রহ এখন স্থগিত থাকুক। এই কার্য্যটি যে সর্ব্বতোভাবে প্রয়োজনীয় তাহা বলাই নিষ্প্রয়োজন।

পারিতোষিক প্রবন্ধ,—গত ১৩০৭ সালের বার্ষিক কার্য্য-বিবরণে যে দুইটি পারিতোষিক প্রবন্ধের উল্লেখ ছিল, তাহার মধ্যে কৃষ্ণভাবিনী বসু মল্লিক পুরস্কার-গৃহীতা শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায় এখনও প্রবন্ধ মুদ্রিত করিয়া পুরস্কারের নিয়ম প্রতিপালন করেন নাই। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ বি এল এটর্ণী মহাশয় পুরস্কারদাতার পক্ষ হইতে তাঁহাকে এ সম্বন্ধে পত্র লিখিয়াছেন। নানা কারণে রজনীকান্ত স্মৃতি-প্রবন্ধের কিছুই করা হয় নাই।

রজনীকান্ত-স্মৃতিসমিতি,—এই অস্থায়ী সমিতির কার্য্য এখনও শেষ হয় নাই। গত বর্ষের কার্য্য-বিবরণে ভ্রমক্রমে শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায়কে চিত্রকর নিযুক্ত করা হইল বলিয়া উল্লেখ করা হইয়াছে, কিন্তু তাহা নহে, সুপ্রসিদ্ধ চিত্রকর শ্রীযুক্ত কুলদারঞ্জন রায় মহাশয় উহা প্রস্তুতের ভার লইয়াছিলেন। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি ও শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয়দ্বয়ের উপর উক্ত কার্য্য তত্ত্বাবধানের ভার দেওয়া হইয়াছে। আশা করা যায়, ১৩০৯ সালে উহা সমাপ্ত হইবে এবং পরিষদে প্রদর্শনার্থ উপস্থিত করিতে পারা যাইবে।

গৃহনির্ম্মাণ সমিতি,—এই সমিতির কার্য্য কতক পরিমাণে অগ্রসর হইয়াছে। কাশিমবাজারের মহারাজের প্রদত্ত ভূমির দলীল রেজিষ্টরী হইয়া গিয়াছে। ঐ জমীর দখলও এক প্রকার পাওয়া গিয়াছে। কেবল ঐ জমীতে মহারাজের যে সকল প্রজা আছে, তাহাদের উঠাইয়া দিবার জন্য যে সকল ব্যবস্থা আবশ্যক, তাহা করিবার জন্য মহারাজের কর্ম্মচারিবর্গ এবং পরিষদের পক্ষে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় ভার পাইয়াছেন।

নিম্নলিখিত বদান্য ব্যক্তিবর্গ পরিষদের গৃহ-নির্ম্মাণ-ভাণ্ডারে নিম্নলিখিতরূপ আর্থিক সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়া পরিষৎকে চিরকৃতজ্ঞতা-পাশে আবদ্ধ করিয়াছেন,—

শ্রীযুক্ত বাগীকৃষ্ণ ঠাকুর (কলিকাতা)	২০০০৲
পাথুরিয়াঘাটার কুমারগণ (কলিকাতা)	২০০০৲
মহারাজ বাহাদুর সার যতীন্দ্রমোহন ঠাকুর (কলিকাতা)	১০০০৲
শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী (টাকী)	১০০০৲
মহারাজ সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর (ময়মনসিংহ)	৫০০৲
শ্রীযুক্ত রায় প্রমথনাথ চৌধুরী (ময়মনসিংহ, সন্তোষ)	৫০০৲
" গগনেন্দ্রনাথ ঠাকুর (কলিকাতা)	৫০০৲
" হীরেন্দ্রনাথ দত্ত (কলিকাতা)	৫০০৲
শ্রীযুক্ত রমানাথ ঘোষ (কলিকাতা)	৫০০৲
রাজা রণজিৎ সিংহ বাহাদুর (মুরশিদাবাদ, নশীপুর)	৩০০৲
কুমার শরদিন্দু রায় (রাজসাহী, বলিহার)	৩০০৲
রায় শ্রীযুক্ত কেদারপ্রসন্ন লাহিড়ী বাহাদুর (রাজসাহী, কাসীমপুর)	৩০০৲
" " ললিতমোহন মৈত্র (রাজসাহী, তালন্দ)	৩০০৲
কুমার " রাধাপ্রসাদ রায় (কলিকাতা)	২৫০৲
রাজা প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর (আসাম, গৌরীপুর)	২০০৲
কুমার দক্ষিণেশ্বর মালিয়া বাহাদুর (বৰ্দ্ধমান,সিয়ারসোল) (প্রথমদান)	২০০৲
" রমণীকান্ত রায় বি এ (রাজসাহী, চৌগা)	২০০৲
শ্রীযুক্ত কুঞ্জমোহন মৈত্র (রাজসাহী, তালন্দা)	১৫০৲
" নগেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী (ময়মনসিংহ, মুক্তাগাছা)	১০০৲
	১০৮০০৲

ইহার মধ্যে শ্রীযুক্ত কুঞ্জমোহন মৈত্র মহাশয় তাঁহার প্রতিশ্রুত ১৫০৲ টাকা দান করিয়াছেন। এতদ্ভিন্ন পরিষদের সমস্ত সভ্যের নিকট পত্রদ্বারা অর্থ সাহায্য প্রার্থনা করা হইয়াছে। পরিষদের কয়েকজন বন্ধু আপন আপন আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের মধ্য হইতে অল্প অল্প করিয়া কিছু টাকা তুলিবার ভার গ্রহণ করিয়াছেন। ইহাদিগকে পরিষদের ধনরক্ষকের স্বাক্ষরিত রসীদবহি প্রদান করা হইয়াছে। যাঁহারা এইরূপ ভার লইয়াছেন, তাঁহাদের মধ্যে অনেকে কিছু কিছু টাকা স্বাক্ষর করাইয়াছেন। এক্ষণে কত টাকা উঠিবে তাহা এখনও অনুমান করিয়া বলা যায় না। আশা করা যায়, যাঁহারা

নিজে সাহায্য করিতে অসমর্থ তাঁহারা এরূপে পরিষৎকে সাহায্য করিতে কাতর হইবেন না।

এই সকল ব্যতীত দেশের আরও অনেক বিদ্যোৎসাহী মান্যগণ্য ব্যক্তি পরিষদের এই কার্য্যে সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন, তাঁহারা কে কত সাহায্য করিবেন, তাহা প্রকাশ না করায়, তাঁহাদের নাম তালিকাভুক্ত করা গেল না। তাঁহাদের মধ্যে নাটোরের মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় বাহাদুর, দিনাজপুরের মহারাজ শ্রীযুক্ত গিরিজানাথ রায় বাহাদুর, রাও সাহেব শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায়, ভাগ্যকুলের রাজা শ্রীযুক্ত শ্রীনাথ রায় বাহাদুর, শ্রীযুক্ত জানকীনাথ রায়, শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায়, শ্রীযুক্ত মুরলীধর রায়, তেওতার রায় শ্রীযুক্ত প্রাণশঙ্কর চৌধুরী, রায় শ্রীযুক্ত পার্ব্বতীশঙ্কর চৌধুরী, কলিকাতার শ্রীযুক্ত প্রমথনাথ মল্লিক, কুমার শ্রীযুক্ত মন্মথনাথ মিত্র রায় বাহাদুর, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ মিত্র প্রভৃতির নাম উল্লেখ করা যাইতে পারে।

এই সকল মহাত্মগণের সহানুভূতির বিষয় অবগত হইয়া আশা করা যায় যে, দেশের ধনবান মহানুভব মহোদয়গণ যে এই সৎকার্য্যে মুক্তহস্ত হইয়া সাহায্য দান করিবেন, তাহাতে সন্দেহ নাই। তাঁহাদের বিশেষ অনুগ্রহ ও সহায়তা ব্যতীত এ বৃহদ্ব্যাপার নিষ্পন্ন হওয়াও সহজ নহে। গৃহ-নির্ম্মাণের আনুমানিক ব্যয় ৩০০০০৲ টাকা। পরিষৎ কর্ম্মক্ষেত্রে প্রবেশাবধি এ পর্য্যন্ত সাধারণের নিকট সাহায্যার্থ প্রার্থনা করেন নাই। পরিষদের ব্যয় পরিষদের সভ্যগণের মাসিক সাহায্য হইতেই এতদিন নির্ব্বাহিত হইয়াছে, কিন্তু ইহাকে স্থায়ী করিতে হইলে, ইহার নিজের আশ্রয় স্থান—একটি স্বতন্ত্র বাটী আবশ্যক। সেই জন্যই এই গৃহ-নির্ম্মাণের অনুষ্ঠান ও আয়োজন করা হইয়াছে। দেশের ধনী ও বিদ্যোৎসাহী ব্যক্তিগণও এই কার্য্যের সাহায্যার্থ অগ্রসর হইয়াছেন, কিন্তু একার্য্য একার বা দুই চারি-জনের সাহায্যে হইবার নহে। দেশের কার্য্যে দশের সাহায্য না হইলে, কার্য্য সুসম্পন্ন হয় না। এখন দেশের অবশিষ্ট ধনশালী মহোদয়গণের সাহায্য ব্যতীত এই অনুষ্ঠিত কার্য্য শেষ হইবার উপায় নাই। যে পরিমাণ ব্যয় আবশ্যক তাহার এক তৃতীয়াংশ মাত্র স্বাক্ষরিত হইয়াছে। পরিষদের কার্য্য নির্ব্বাহক সমিতি অবশিষ্ট অর্থের জন্য সাধারণের নিকট এবং দেশের

ধনশালী ব্যক্তিবর্গের নিকট সাহায্য প্রার্থনা করিতেছেন। যিনি যাহা দিতে ইচ্ছা করেন, তাহাই আন্তরিক ধন্যবাদ সহকারে গৃহীত হইবে। (খ পরিশিষ্ট দ্রষ্টব্য।)

শাখাসমিতি,—পরিষদের কয়েকটি স্থায়ী শাখা-সমিতির আলোচ্য বর্ষের কার্য্য বিবরণ প্রদত্ত হইল,—

(ক) গ্রন্থপ্রকাশ সমিতি,—আলোচ্য বর্ষে এই সমিতির তিনটি অধিবেশন হইয়াছিল। উক্ত অধিবেশনে প্রধানতঃ প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী প্রকাশের সুব্যবস্থারই চেষ্টা করা হইয়াছিল। সমিতির তৃতীয় অধিবেশনে স্থির হয় যে শ্রীযুক্ত মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, প্রধান সম্পাদক মহাশয় একক ইহার সমস্ত কার্য্যের ভার গ্রহণ করিতে স্বীকৃত থাকায়, তাঁহাকেই তাহা অর্পণ করা হইবে এবং আরও স্থির হইয়াছে যে পরিষৎ-পত্রিকা সম্পাদকের সাহায্যার্থ যে অতিরিক্ত কর্ম্মচারী নিযুক্ত করা হইয়াছে, তিনি একবেলা শাস্ত্রী মহাশয়ের সাহায্য করিবেন। এই বিষয়ে গত ফাল্গুন ও চৈত্র মাসে কার্য্য হইয়াছে। তাহাতে ১৩০৮ সালের যে চারি সংখ্যা বাকী পড়িয়াছে, তাহার কার্য্য অনেকটা অগ্রসর হইয়াছে। আশা করা যায়, শাস্ত্রী মহাশয়ের চেষ্টায়, যত্নে ও পরিশ্রমে প্রাচীন গ্রন্থাবলীর বাকী চারি সংখ্যা ও ১৩০৯ সালের সংখ্যা অতি শীঘ্রই প্রকাশিত হইবে। বর্ষশেষে শ্রীযুক্ত হরকুমার সরকার-প্রমুখ কতিপয় সভ্য প্রাচীন গ্রন্থাবলী প্রকাশের ব্যবস্থা পরিবর্ত্তন করিবার যে প্রস্তাব করিয়া পাঠাইয়াছেন, তৎসম্বন্ধে এখনও কোন মীমাংসা হয় নাই।

আপাততঃ প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলীতে নিম্নলিখিত গ্রন্থগুলি নিম্নলিখিত সম্পাদকগণের সাহায্যে প্রকাশিত হইতেছে,—

পুস্তক।	সম্পাদক।
মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্‌এ।
ভাগবতাচার্য্যকৃত কৃষ্ণপ্রেমতরঙ্গিণী	নগেন্দ্রনাথ বসু।
জয়ানন্দকৃত চৈতন্যমঙ্গল	কালিদাস নাথ।
অন্ধকবি ভবানীপ্রসাদকৃত দুর্গামঙ্গল	শ্রীযুক্ত দিবাকরচন্দ্র ভট্টাচার্য্য ও ব্যোমকেশ মুস্তফী।
কবীন্দ্র মহাভারত	শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ।

প্রাচীন গ্রন্থাবলীর অনুষ্ঠান হওয়া অবধি এ পর্য্যন্ত যে সকল গ্রন্থ প্রকাশিত হইয়াছে, তন্মধ্যে শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী মহাশয়ের সম্পাদনে বনমালী দাসের "জয়দেব চরিত," চট্টগ্রাম আনোয়ারা স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত আবদুল করিম মহাশয়ের সম্পাদনে নরোত্তমের "রাধিকার মানভঙ্গ" সমাপ্ত হইয়াছে। এজন্য উভয়ের নিকট পরিষৎ কৃতজ্ঞ। শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের সম্পাদিত "বাসুঘোষের পদাবলী" প্রায় সমাপ্ত হইয়াছে বলিলেই হয়। তাঁহার সংগ্রহের মধ্যে আর পাঁচ ছয়টা মাত্র পদ ছাপিতে বাকী আছে। তবে তিনি আরও পদের সন্ধান পাইয়াছেন এবং তাহা সংগ্রহ করিবার আশায় এখনও শেষ করিয়া ছাপিয়া দিতে পারিতেছেন না। যে সকল গ্রন্থ এখনও শেষ হয় নাই, তাহার মধ্যে ৯ম সংখ্যা পর্য্যন্ত গ্রন্থাবলীতে

	পৃষ্ঠা	পর্য্যন্ত
ধর্ম্মমঙ্গলের	১৮৪	২১০ অধ্যায়।
কৃষ্ণপ্রেমতরঙ্গিণীর	১২৮	৮ম স্কন্ধ, ৪র্থ অধ্যায়।
মহাভারতের	৫৬	স্বাহার বিবাহ অধ্যায়।
চৈতন্যমঙ্গলের	৯৬	উৎকলখণ্ডের কতকটা।
দুর্গামঙ্গলের	৮	মৈনাক গিরিরাজ সংবাদ পর্য্যন্ত।

প্রকাশিত হইয়াছে। এতদ্ভিন্ন এই সমিতির বিভিন্ন অধিবেশনে ৺ আনন্দময়ী গুপ্তার রচিত "হরিলীলা", জগদ্রামের 'রামায়ণ', মুসলমান মহাকবি আলাওলের "পদ্মাবতী" ছাপিবার জন্য নির্ব্বাচিত হইয়া আছে। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়েরই প্রতি কবিকঙ্কণ চণ্ডী-সম্পাদনেরও ভার দেওয়া হইয়াছিল। সম্প্রতি জগদ্রাম রায়ের আত্মীয়বংশের বংশধর শ্রীযুক্ত কাশীবিলাস বন্দ্যোপাধ্যায় জগদ্রামের গ্রন্থাবলী তাঁহার স্বহস্ত-লিখিত পুঁথি দেখিয়া ছাপিতে আরম্ভ করায়, পরিষৎ হইতে জগদ্রামী রামায়ণের মুদ্রণ কার্য্য এখন স্থগিত আছে। কাশীবিলাস বাবু জগদ্রামের 'দুর্গাপঞ্চরাত্রি' ছাপাইয়া পরিষদে একখণ্ড উপহার দিয়াছেন। দীনেশ বাবু কবিকঙ্কণ চণ্ডীর কার্য্য আরম্ভ করিয়াছিলেন। কিন্তু জানা গেল, বঙ্গবাসী কার্য্যালয় হইতে সম্প্রতি আরড়ার নিকটবর্ত্তী স্থলের কোন পুঁথি দেখিয়া কবিকঙ্কণ চণ্ডী ছাপা হইয়াছে; সুতরাং উহার কার্য্যও স্থগিত আছে। "হরিলীলার" সম্পাদনের ভার শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন

মহাশয়কে এবং "পদ্মাবতী" সম্পাদনের ভার শ্রীযুক্ত আবদুল করিম মহাশয়কে দিবার প্রস্তাব হইয়াছে। শ্রীযুক্ত জগবন্ধু ভদ্র মহাশয়ের "গৌর পদাবলী" প্রকাশের কল্পনা পরিষৎ নানা কারণে পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছেন। তবে তাহা পরিষদের সম্পাদক বিত্তানুরাগী শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের সাহায্যে প্রকাশিত হইবে বলিয়া জানা গিয়াছে। কৃত্তিবাসের রামায়ণের মুদ্রণকার্য্য চলিতেছে। উত্তরাকাণ্ড ছাপা চলিতেছে।

প্রাচীন গ্রন্থাবলী ব্যতীত পরিষৎ-পত্রিকায় সত্যনারায়ণ কথা, সত্যনারায়ণের পাঁচালী ও সত্যদেব-সংহিতা নামে তিনখানি ক্ষুদ্র গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

(ক পরিশিষ্ট দ্রষ্টব্য)

(খ) পরিভাষা সমিতি—আলোচ্য বর্ষে এই সমিতির কোন অধিবেশনের আবশ্যক হয় নাই। গত পূর্ববর্ষে যিনি যে বিষয়ে ব্যাপৃত ছিলেন, তিনি সেই কার্য্যে কিছু কিছু অগ্রসর হইয়াছেন মাত্র। মধ্যে একবার শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের জ্যামিতিক পরিভাষা মুদ্রণের কথা আলোচিত হইয়াছিল। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের প্রস্তাব মত তাহা তাঁহার নিজ কৃত আলোচনা-সহ প্রকাশের ব্যবস্থা হইয়াছে, কিন্তু রামেন্দ্রবাবুর অনবকাশ বশতঃ আলোচ্য বর্ষে তাহা প্রকাশিত হয় নাই।

(খ পরিশিষ্ট দ্রষ্টব্য)

(গ) ভাষাবিজ্ঞানসমিতি,—আলোচ্য বর্ষে এই সমিতির কার্য্য যেরূপ অগ্রসর হইয়াছে, এমন আর কোনও সমিতির হয় নাই। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ও শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী মহাশয়গণ বাঙ্গালা ব্যাকরণ সম্বন্ধে যে সকল প্রবন্ধ পাঠ করিয়াছেন, তাহার আলোচনায় বাঙ্গালা ব্যাকরণ-সম্বন্ধে সাহিত্য-সেবিগণের পরস্পর বিরোধী মত বিশেষ দক্ষতার সহিত প্রকাশিত হইয়াছে। সাময়িক তর্ক বিতর্কের ফেনপুঞ্জের আবরণতলে যে সত্যের নির্ম্মল জলধারা প্রবাহিত তাহাতে সন্দেহ নাই। ভবিষ্যৎ বৈয়াকরণ সেই সলিল ধারার গতি ও প্রকৃতি অবধারণ করিয়া বঙ্গভাষার পরিণতির পথ নির্দ্ধারণ করিবেন। পত্রিকা সম্পাদক রামেন্দ্র বাবু এবং পরিষদের অন্যান্য সভ্য এই সকল আলোচনায় বিশেষ গবেষণার পরিচয় প্রকাশ করিয়াছেন। এই সকল তর্ক-বিতর্কের

পর পরিষদের কর্ত্তব্য-পথ পরিষ্কৃত হইয়া বাঙ্গালা ব্যাকরণের উপাদান-সংগ্রহের উপায় সহজ হইবার পক্ষে বিশেষ সুবিধা হইতেছে সন্দেহ নাই। ॥

("ঙ" পরিশিষ্ট দ্রষ্টব্য)

(ঘ) শব্দসমিতি,—আলোচ্য বর্ষে ভাষা-বিজ্ঞান-সমিতির আলোচনার ফলে এই সমিতির কার্য্যও যথেষ্ট অগ্রসর হইয়াছে। সমিতির কোনও অধিবেশন হয় নাই, কিন্তু সমিতির ও পরিষদের অন্যান্য সভ্যগণের মধ্যে অনেকেই নানারূপ শব্দসংগ্রহ করিতেছেন। শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্ মহাশয়ের সঙ্কলিত "বঙ্গভাষায় ব্যবহৃত বৈদেশিক শব্দের" মধ্যে পারসী, আরবী, উর্দ্দু শব্দের তালিকা এবং স্বর্গীয় মহাত্মা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের খাঁটী বাঙ্গালা শব্দের তালিকা পত্রিকায়, আর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সংগৃহীত "বাঙ্গালা ক্রিয়াপদের তালিকা" স্বতন্ত্র পুস্তিকাকারে প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্য মহাশয়দ্বয় চলিত শব্দের ব্যুৎপত্তি ও অর্থ-নির্ণয় করিয়া এক একখানি তালিকা প্রস্তুত করিয়া পাঠাইয়াছেন। মেঘনাথ বাবু পারসীক বর্ণমালার পর্য্যায়ক্রমে বাঙ্গালায় কথার ব্যুৎপত্তি, অর্থ ও স্থলবিশেষে প্রয়োগের বিভিন্নতা প্রদর্শন করিয়া সমালোচনামূলক তালিকা প্রস্তুত করিতে বিশেষ পরিশ্রম করিতেছেন। শ্রীযুক্ত রমেশচন্দ্র বসু অর্থযুক্ত এবং উচ্চারণের সাম্য বা নৈকট্য বিশিষ্ট শব্দের এক তালিকা প্রস্তুত করিয়াছেন। শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী ও শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ মহাশয়দ্বয় মালদহ জেলার চলিত-কথার শব্দ ও তাহার অর্থ সংগ্রহ করিয়া তালিকা প্রস্তুত করিতে স্বীকৃত হইয়াছেন; শ্রীযুক্ত শিবরতন মিত্র মহাশয় বাঁকুড়া জেলার ঐরূপ শব্দ সংগ্রহ করিতেছেন। শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ বি, এ পরিষদের সভ্য না হইয়াও বাখরগঞ্জ জেলার চলিত-কথার অর্থসহ এক তালিকা করিয়া পাঠাইয়া দিয়াছেন। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় রাজমিস্ত্রী, কামার, কুমার, তাঁতি, সেকরা, ছুতার প্রভৃতি শ্রমজীবীর ব্যবহার্য্য যন্ত্রের নাম ও তাহাদের কার্য্যের পারিভাষিক শব্দের এক তালিকা, চব্বিশ পরগণা-অঞ্চলে ব্যবহৃত গৃহসজ্জা, পোষাক পরিচ্ছদ, অলঙ্কার ইত্যাদির নামমালা এবং মৎস্য, পশু, পক্ষী, ও গাছ-গাছড়ার দেশীয় নাম সংগ্রহ করিতেছেন। কৈকালা-নিবাসী শ্রীযুক্ত রাজকুমার মুখোপাধ্যায় এবং কলিকাত-নিবাসী শ্রীযুক্ত অমূল্যাচরণ ঘোষ মহাশয়দ্বয় বাঙ্গালা চলিত-কথা ও অপভ্রংশ শব্দগুলির 'শিষ্ট-

প্রয়োগ-সহ ভাষাবিজ্ঞান অনুসারে অভিধানের নিয়মে সংগ্রহ করিতেছেন। আশা করা যায়, ইঁহাদের সমবেত চেষ্টায় বঙ্গভাষায় একখানি বিস্তৃত অভিধান প্রণয়ন-কাল অদূরবর্ত্তী হইয়া আসিতেছে। ("চ" পরিশিষ্ট দ্রষ্টব্য)

(ঙ) গ্রন্থরচনা-সমিতি—আলোচ্যবর্ষে এই সমিতির একটী অধিবেশন হইয়াছিল। এই অধিবেশনে পরিষদের সভাপতি মহাশয়ের প্রস্তাব অনুসারে সদ্গ্রন্থের অনুবাদ করা আবশ্যক, ইহা স্থিরীকৃত হইয়াছে। ১৭ই বৈশাখ বুধবার গ্রন্থরচনা-সমিতির অধিবেশনে সভাপতি মহাশয়ের প্রস্তাব গৃহীত হয়। গ্রন্থরচনা-সমিতির অনুবাদ-শাখা গঠিত হইয়াছে, এবং শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় সিদ্ধান্ত-শিরোমণি ও শ্রীযুক্ত যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায় মহাশয় রাজতরঙ্গিণী বা সৈর-উলমুতাক্ষরীণ অনুবাদ করিবেন স্বীকার করিয়াছেন। হাইকোর্টের অনুবাদক শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দত্ত মহাশয়কে পূর্ণাসিদ্ধান্ত অনুবাদ করিতে এবং শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দর ত্রিবেদী মহাশয়কে কোন বিজ্ঞান-গ্রন্থের অনুবাদ করিতে অনুরোধ করা হইবে। এতদ্ভিন্ন পরিষদের সভাপতি মহাশয় পরিষদে বৌদ্ধধর্ম্ম সম্বন্ধে যে সকল প্রবন্ধ পাঠ করিয়াছিলেন, সে সকল বিস্তারিত এবং একত্র করিয়া বৌদ্ধধর্ম্ম বিষয়ে পাণ্ডিত্যপূর্ণ, সুলিখিত ও মনোজ্ঞ পুস্তক প্রকাশ করিয়াছেন। শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশ মহাশয়ের প্রদত্ত বৌদ্ধদর্শন-সম্বন্ধে বক্তৃতাটী পরিষৎ হইতে পুস্তিকাকারে প্রকাশিত হইয়াছে। ("ছ" পরিশিষ্ট দ্রষ্টব্য)

১৮। পরিষৎ-পুস্তকালয়—১৩০৭ সালে এই পুস্তকালয়ে ১২৫৯ খানি পুস্তক এবং ২০১ খানি পুঁথি সংগৃহীত ছিল। আলোচ্য বর্ষে পুস্তকের সংখ্যা ২২৭৩ হইয়াছে; তন্মধ্যে বাঙ্গালা ১৭৯৮, ইংরাজী ৩৪৬, সংস্কৃত ১১৭ এবং উর্দ্দু, পারসী, উড়িয়া, কানাড়ী প্রভৃতি ভাষার পুস্তক ১২ খানি। পুথির সংখ্যা আলোচ্য-বর্ষে ২২১ খানি হইয়াছে। আলোচ্যবর্ষে ২৩০ খানি পুস্তক উপহার পাওয়া গিয়াছে।
("জ" পরিশিষ্টে উপহারের পুস্তক ও উপহারদাতাদিগের তালিকা দ্রষ্টব্য।)

এই সকল উপহারদাতার নিকট পরিষৎ বিশেষ কৃতজ্ঞ। যথানিয়মে মাসিক অধিবেশনে ইঁহাদের এই সকল উপহার ধন্যবাদ ও কৃতজ্ঞতার সহিত গৃহীত হইয়াছে। আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ে যে সকল সাময়িক পত্র আসিয়াছে, তাহার অধিকাংশই পরিষৎ-পত্রিকার বিনিময়ে এবং কতকগুলি তত্তৎ পত্রের সম্পাদকগণের অনুগ্রহে পাওয়া গিয়াছে। ("ঝ" পরিশিষ্ট দ্রষ্টব্য)।

(ক) পুস্তকালয়,—আলোচ্যবর্ষে পরিষৎ পুস্তকালয়ের পরিপুষ্টির জন্ত নানা-রূপ চেষ্টা করা গিয়াছে। এই পুস্তকালয়ে সকল প্রকার বাঙ্গালা গ্রন্থ সংগ্রহ করিবার উদ্দেশ্তে গ্রন্থকারগণের নিকট প্রার্থনা ও পুরাতন পুস্তকাদি অল্পে অল্পে ক্রয় করা হইতেছে। এখনকার চলিত-সাহিত্য—নাটক, উপন্যাস, কাব্য প্রায় সকল পাঠাগারেই পাওয়া যায়, সুতরাং পরিষদের পুস্তকালয়ে যাহাতে প্রাচীন কালে মুদ্রিত লুপ্তপ্রায় দুষ্প্রাপ্য, বাঙ্গালা গ্রন্থরাশি প্রচুর পরিমাণে সংগৃহীত হয়, তাহার প্রতি লক্ষ্য রাখিয়াই আপাততঃ পুস্তকাদি ক্রয় করা হইতেছে। বাঙ্গালা দেশে ১৮শ শতাব্দীর শেষভাগে ইংরাজ পাদরীগণের কৃপায় কাঠের অক্ষরে মুদ্রা-লিপির উদ্ভাবনা হয়। সেই কাল হইতে একাল পর্য্যন্ত বাঙ্গালা অক্ষরে মুদ্রিত বা বাঙ্গালা ও ইংরাজী অক্ষরে যে সকল পুস্তক ছাপা হইয়াছে, তাহা সমস্তই এই পুস্তকালয়ে সংগৃহীত হওয়া আবশ্যক। ১৯শ শতাব্দীর প্রারম্ভে লণ্ডনে যে সকল বাঙ্গালা গ্রন্থ বাঙ্গালা অক্ষরে মুদ্রিত হয়, সে গুলিও ইহাতে সংগৃহীত হওয়া উচিত। সুখের বিষয়, আলোচ্য বর্ষে এইরূপ কয়েকখানি পুস্তক সংগৃহীত হইয়াছে। সাময়িক পত্রই সাহিত্যের ক্রমোন্নতির প্রত্যক্ষ ইতিহাস। পরিষৎ-পুস্তকালয়ে বর্ত্তমান ও লুপ্ত, নব্য ও প্রাচীন, সকল প্রকার সাময়িক পত্রের সংগ্রহ থাকা উচিত। ভাষার ইতিহাস, ভাষার ক্রমবিকাশ এবং ভাষার পরিপুষ্টির ইতিহাস লিখিতে বা তাহার আলোচনা করিতে হইলে, এই সকল সাময়িক পত্ররাশির সংগ্রহ থাকিলে, যেমন সুবিধা হয়, এমন আর কিছুতেই হয় না। আলোচ্য বর্ষে পরিষৎ এই সাময়িক-পত্র-সংগ্রহ-কার্য্যে বিশেষরূপে মনোযোগ দিয়াছেন এবং আনন্দের বিষয় এই যে, সে কালের পাদরীগণের প্রচারিত প্রথম বাঙ্গালা মাসিক পত্র "দিগ্‌দর্শন" হইতে আরম্ভ করিয়া একাল পর্য্যন্ত প্রকাশিত নানাবিধ মাসিক, দ্বৈমাসিক, ত্রৈমাসিক পত্রের এক বা দুই সংখ্যা অথবা সম্পূর্ণ এক বা দুই বৎসরের সমস্ত সংখ্যা সংগৃহীত হইয়াছে। ("জ" পরিশিষ্ট দ্রষ্টব্য।

পরিষদের হিতৈষিগণ, সাময়িক পত্রের সম্পাদকগণ পরিষদের এই সাধু-উদ্দেশ্ত-সাধনে সাহায্য করিলে, পুরাতন ও নূতন সাময়িক পত্রিকাদির যে কোন খণ্ড যে কোন সংখ্যা সংগ্রহ করিয়া দান করিলে, তাঁহাদের নিকট পরিষৎ বাধিত হইবেন এবং তাঁহাদের দ্বারা মাতৃভাষার ইতিহাসের অঙ্গপুষ্টির বিশেষ সহায়তা হইবে। আলোচ্য বর্ষে Calcutta Public Library ভারত গভর্মেণ্টের

Imperial Libraryর সহিত সম্মিলিত হইয়া গিয়াছে। Public Libraryতে সে কালের Fort William College Libraryর অনেকগুলি প্রাচীন কালের মুদ্রিত বাঙ্গালা গ্রন্থ ও সাময়িক পত্র ছিল। শুনা গিয়াছিল, গভর্মেণ্ট এগুলি Imperial Libraryর পক্ষে অনাবশ্যক-বোধে ত্যাগ করিবেন। পরিষৎ এইগুলি পাইবার জন্য গভর্মেণ্টে আবেদন করিয়াছিলেন। গভর্মেণ্ট হইতে উত্তর আসিয়াছে, কোন্ কোন্ পুস্তক রাখা হইবে বা না হইবে, গভর্মেণ্ট এখনও তাহা বিবেচনা করিয়া স্থির করেন নাই। এসিষ্টাণ্ট সেক্রেটারী মি, সি, আর, উইলসন অনুমান করেন, প্রাচ্য-পুস্তকাদির বিশেষ কিছু পরিত্যাগ করা হইবে না। যাহা হউক, পরিষৎ এখনও এ-বিষয়ে নিশ্চেষ্ট হন নাই। ভবিষ্যতে বাঙ্গালা গভর্মেণ্টের মধ্যস্থতায় এ বিষয়ে আর একবার আবেদন করিবার ইচ্ছা করিয়াছেন। পরিষদের গ্রন্থকার ও হিতৈষী সভ্যগণ সকলে যদি স্ব স্ব রচিত গ্রন্থাদি উপহার দেন, তাহা হইলে পরিষৎ পুস্তকালয়ের পরিপুষ্টি হইতে অধিক সময় লাগে না। অনেকে তাহা দিতেছেন, কিন্তু অধিকাংশ গ্রন্থকার এখনও সে অনুগ্রহ করেন নাই। আশা করি, আগামী বর্ষে এ বিষয়ে পরিষৎকে আর ক্ষোভ করিতে হইবে না।

(খ) পাঠাগার,—পরিষদের পাঠাগারটি পূর্ব্ববৎ প্রাতে ও সন্ধ্যায় খোলা থাকে। সুখের বিষয়, প্রত্যহ বহু পাঠক এখানে আসিয়া পাঠ করেন। এই পাঠাগারটি পরিষদের নিকটবর্ত্তী পল্লীতে বিশেষ উপকার সাধন করিতেছে। স্থানাভাববশতঃ সকল সংবাদ পত্র সাজাইয়া রাখিবার ও পাঠকগণের বসিবার স্থান সংকুলান হয় না।

১৯। পুথিসংগ্রহ,—আলোচ্য বর্ষে পরিষৎপুস্তকালয়ে ২০ খানি পুথি সংগৃহীত হইয়াছে। যাঁহারা এই পুথি সংগ্রহ করিয়া পরিষৎকে সাহায্য করিয়াছেন, তাঁহাদের মধ্যে পরিষদের পরম সুহৃদ্ শ্রীযুক্ত আবদুল করিম মহাশয় যেরূপ উৎসাহ দেখাইয়াছেন, তাহা অনির্ব্বচনীয়। তাঁহার উৎসাহে ও যত্নে আলোচ্য বর্ষে অনেকগুলি অজ্ঞাতনামা কবির ও অশ্রুতনাম-কাব্যের বিবরণ পাওয়া গিয়াছে। তিনি একা এ পর্য্যন্ত তিন শতাধিক নূতন গ্রন্থের বিবরণ লিখিয়া পাঠাইয়াছেন। তিনি চট্টগ্রাম জেলার আনোয়ারা গ্রাম ও তন্নিকটবর্ত্তী কয়েক গ্রামে নিজব্যয়ে ঘুরিয়া ফিরিয়া এই সকল পুথির বিবরণ সংগ্রহ করিয়াছেন। ইহার মধ্যে কয়েকখানি

পুথি তিনি পরিষৎকে উপহার দিয়াছেন এবং আরও দিতে পারিবেন বলিয়া আশা করেন। পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য বি, এ, এ বিষয়ে এক-জন অসাধারণ উৎসাহী ব্যক্তি। তিনিও নিজব্যয়ে পুথি-সংগ্রহের জন্য রাজসাহী, দিনাজপুর, রঙ্গপুর, মালদহ, মুরশিদাবাদ, পাবনা ও বগুড়ায় ভ্রমণ করিয়াছেন। সঙ্গে সঙ্গে নানাবিধ ব্রত-কথা ও ছড়া সংগ্রহ করিয়াছেন। তাঁহার ভ্রমণের ফলে পরিষদের অনেক উপকার হইবে। এতদ্ভিন্ন পরিষদের অপর কয়েক জন সদস্য শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ বি,এল, শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার, শ্রীযুক্ত ব্রজসুন্দর সান্যাল মহাশয়গণও পুথি-সংগ্রহের জন্য বিশেষ যত্ন করিতেছেন। পরিষৎ ইঁহাদের সকলের নিকটই ঋণী।

২০। নিয়মাদি-পরিবর্ত্তন,—১৩০৭ সালের কার্য্যনির্ব্বাহক-সমিতির অধি-বেশনে যাবজ্জীবন-সভ্যের জন্য যে নিয়ম গঠিত হইয়াছিল, অষ্টম বার্ষিক অধি-বেশনে তাহা সাধারণ সভার অনুমোদনে বিধিবদ্ধ হইয়া গিয়াছে। "বিশেষ সভা" সংক্রান্ত নিয়মাদির বিবরণ পূর্ব্বেই উল্লেখ করা গিয়াছে।

২১। গ্রন্থপ্রকাশ-তহবিল,—আলোচ্য বর্ষের প্রথমে এই তহবিলে ২৪৬ ৸৴০ আনা মজুত ছিল। এই তহবিলের ধনরক্ষক শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর পদত্যাগ করায়, ১লা জ্যৈষ্ঠ তারিখের কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ অনুসারে ঐ টাকা তাঁহার নিকট হইতে লইয়া প্রাচীন বাঙ্গালা-গ্রন্থাবলীর সাহায্যার্থ পরিষদের সাধারণ তহবিল-ভুক্ত করা হয়। প্রাচীন বাঙ্গালা গ্রন্থপ্রকাশের পূর্ব্ব ব্যবস্থার পরিবর্ত্তন হইয়া 'প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী' প্রকাশের ব্যবস্থা হওয়া অবধি পরিষদের সাধারণ তহবিল হইতেই উহার ব্যয় নির্ব্বাহিত হইয়া আসিতেছে, অথচ গ্রন্থপ্রকাশ-তহবিলের পুষ্টি-সাধনার্থ আর কোন চেষ্টা সহজসাধ্য না হওয়ায়, উহা প্রায় নিঃশেষিত হইয়াছিল। এরূপ স্থলে গ্রন্থপ্রকাশ-তহবিলের অবশিষ্ট সামান্য টাকা পরিষদের সাধারণ-তহবিল-ভুক্ত হওয়ায় তহবিলের উদ্দেশ্য-হানি হয় নাই। আলোচ্য বর্ষের শেষভাগ হইতে অতঃপর গ্রন্থপ্রকাশ সমিতির আর কোন স্বতন্ত্র তহবিল রহিল না। ("ট" পরিশিষ্ট দ্রষ্টব্য)

২২। আয় ব্যয়,—আলোচ্য বর্ষে পরিষদের মোট আয় ৩৯৩৬৸১০। তন্মধ্যে গত বর্ষের উদ্বৃত্ত ছিল ৩৭৬।৶১০। উহা বাদে আলোচ্য বর্ষে সর্ব্বপ্রকারে পরিষদের আয় ৩৫৬০।৶০ আনা হইয়াছে। আলোচ্য বর্ষে পরিষদের সর্ব্ববিধ

ব্যয় ৩৮২৩।/১০। মোট আয় ৩৯৩৬৸১০ হইতে ব্যয় বাদ গেলে পরিষদের তহবিলে আলোচ্য বর্ষের শেষে ৩১৩৶০ উদ্বৃত্ত আছে। গত বর্ষের উদ্বৃত্ত টাকা বাদ দিলে এ বৎসর আয় অপেক্ষা ব্যয় ৮২৮৶১০ বেশী হইয়াছে বলিতে হইবে; সুতরাং দেখা যাইতেছে পরিষদের আরও আয় বৃদ্ধি হওয়া আবশ্যক। ভরসা করি, বর্ত্তমান বর্ষে দেশের কৃতবিদ্য ও ধনি-সন্তানেরা ইহার সভ্যপদ গ্রহণ করিয়া ইহার উন্নতিসাধনে যত্নপ্রকাশ করিবেন। ("খ" পরিশিষ্ট দেখ)

২৩। কৃতজ্ঞতা-প্রকাশ,—আলোচ্য বর্ষে যাঁহাদের যত্নে, সাহায্যে ও সহানুভূতিতে পরিষৎ স্বকার্য্য-সাধনে সক্ষম হইয়াছেন, বর্ষশেষে পরিষৎ তাঁহাদের নিকট সর্ব্বান্তঃকরণে কৃতজ্ঞতা জানাইতেছেন। এই কার্য্য-বিবরণের নানাস্থানে তাঁহাদের অনেকেরই অনুগ্রহের কথা উল্লিখিত হইয়াছে। বিবরণ-সমাপ্তিকালে তাঁহাদের নিকট পুনরায় এবং অন্যান্য হিতৈষীর নিকট তাঁহাদের অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করিয়া পরিষৎ আপনাকে ধন্য বোধ করিতেছেন। পরিষদের কর্ম্মচারিগণও সযত্নে আপন আপন কর্ত্তব্য সম্পন্ন করিয়াছেন, তাঁহাদের মধ্যে সভাপতি মহাশয়ের নাম বিশেষরূপে উল্লেখ-যোগ্য। আলোচ্য বর্ষে বীণাপাণি সাহিত্য-সমিতি পরিষৎকে ৺ রামগোপাল সেনের চিত্র দান করিয়া ধন্যবাদ-ভাজন হইয়াছেন।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ কার্য্যালয়।
বঙ্গাব্দ ১৩০৯।
৩১ জ্যৈষ্ঠ।

কার্য্য নির্ব্বাহক-সমিতির অনুমত্যানুসারে
শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী,
সম্পাদক।

("ক" পরিশিষ্ট।)

Local Members.

Babu Avanidranath Tagore,
6, Dwarkanath Tagore's Lane, Calcutta.

Babu Ambikacharan Das,
4 Mahendra Bose's Lane, Calcutta.

Babu Amritakrishna Mullick, B. L.
2 Shibsankar Mullick's Lane, Calcutta.

Babu Adharachandra Mukherjee, M.A.,
23/3 Beadon Row, Calcutta.

Babu Anathnath Palit, M. A.
3 Nekashipara Lane, Calcutta.

Babu Amarendranath Pal Chowdhury, B. A,
48 Shankharytolla Lane, Calcutta.

Babu Amarkrishna Mitra,
19 Nilmony Mitter's Street, Calcutta.

Babu Abinashchandra Chatterjee,
36 Shankar Haldar's Lane, Calcutta.

Babu Atulkrishna Basu,
10 Ratan Baboo's Road, Cossipur, Calcutta.

Babu Abinashchandra Ghosha
8/3 Kasi Ghosh's Lane, Calcutta.

Pundit Atulkrishna Goswami,
11 Mahendra Goswami's Lane, Calcutta.

Babu Akshayakumar Baral,
38/2 Muktaram Baboo's 4th Lane, Calcutta.

Babu Anukulchandra Set,
39 Mairahatta Street, Calcutta.

Babu Anangamohan Pal
58/59 Balaram De's Street, Calcutta.

Babu Akshayakumar, Thakur, M.A.
27 Darmahatta Street, Calcutta.

Babu Amulyachandra Goswami,
31 Elgin Road, Calcutta.

Babu Apurvakrishna Ghosh,
62/2 Beadon Street, Calcutta.

Babu Abinashchandra Ghosh, B. A.
3 Raghunath Chatterjee's Street, Calcutta.

Babu Annadaprasbad Ghosh
8 Shankar Ghosh's Lane, Calcutta.

Babu Anukulchandra Bose.
35/2 Beadon Street, Calcutta.

Babu Anukulchandra Mukherjee
69 Mirzapur Street, Calcutta.

Babu Amarendranarayan Datta
32/1 Jhamapooker Lane, Calcutta.

Dr Amritalal Sarkar, L. M. S.
51 Sankharitola Lane, Calcatta.

Dr. Ashutosha Mukherjee M.A..B.L., F.R.G.S.
77 Russaroad, Bhowanipur, Calcutta

Babu Anandamaya Mittra,
32 Shampuker Street, Calcutta.

A. Chowdhury, Esqr., Bar-at-Law, M.A., L.L.B.,
76 Lower Circular Road, Calcutta

Babu Ashutosh Vidybhusan
5, Doctor's Lane, Calcutta.

Babu Bijayendranath Dutta,
139 Cornwallis Street, Calcutta.

Babu Byomakesha Mustaphi.
101 Shambazar Street, Calcutta.

Babu Binodabehary Basu B.A.
65 2 Bagbazar Street, Calcutta.

Babu Bipinabehary Basu,
65/2 Bagbazar Street, Calcutta

Babu Bamacharan Chatterjee,
140 Cornwallis Street, Calcutta.

Babu Bireswar Goswamy,
109 Grey Street, Calcutta.
Babu Basantakumar Basu, (2)
24 Roybagan Street, Calcutta
Babu Baninath Nandy,
17 Shikdarbagan Street, Calcutta.
Babu Bireswar Pande
27/1 Cornwallis Street, Calcutta.
Rai Baikunthanath Basu Bahadur.
167 Manicktola Street, Calcutta.
Babu Bireswar Chattrejee (1),
26 Radhamadhab Shaha's Lane, Calcutta.
Babu Bireswar Chatterjee (2),
Prof. Sanskrit College, College Square, Calcutta.
Babu Baidyanath Ghosh,
11 Ramkrishna Das's Lane, Calcutta.
Babu Brajalal Mukherji M.A.
Natyamandir, Haritakibagan Lane, Calcutta.
Pundit Binodbehary Kabyatirtha,
Indian Museum, Calcutta.
Babu Bipinbehary Maitra,
45 College Street, Calcutta.
Babu Bejaychandra Dutta,
64 Pathuriaghata Street, Calcutta.
Babu Bisveswar Sen Mazumder,
75/2 Bhuban Sarcar's Lane, Calcutta.
B.C. Dutt Esqr. M.A.
172 Manicktolla Street, Calcutta.
Babu Baikuntanath Das,
208/2 Cornwallis Street, Calcutta.
Babu Baradakanta Ghosh,
24 Muddon Batal's Lane, Calcutta.
The Hon'bl B. L. Gupta Esqr C.S.
15 Elysum Row, Calcutta.

B. K. Chakravarty Esqr, Bar-at-law,
23 Park Street, Calcutta.
Babu Basantakumar Basu, (1)
24 Talpuker Road, Shunra, Calcutta.
Babu Bijaylal Datta,
23/3 Chakraberia Road South, Bhowanipur, Calcutta.
Kaviraj Bejayratna Sen Kabiranjan,
5 Kumertoolli Street, Calcutta.
Babu Banamali Chakrabartty,
123/2 Amherst Street, Calcutta.
Babu Benimadbab Dutta,
1 Akrur Dutt's Lane, Bowbazar, Calcutta.
Babu Bhutnath Pal B. A.
29 Basupara Lane, Bagbazar, Calcutta.
Babu Bhupendrakumer Basu,
42 Brindaban Bysak's Street, Calcutta.
Babu Bhutnath Mitra
159 Ahiritola Street, Calcutta.
Kaviraj Bhubaneswar Gupta Kabiranjan,
15/I Simla Street, Calcutta.
Pundit Bhagabatkumar Shastry M.A.
28 Banamali Sircar's Street, Calutta.
Babu Banamali Chattarjee,
32, Chakraberia Road south, Bhowanipur, Calcutta.
Babu Charuchandra Ghosh,
7 Nabin Sircar's Lane Bagbazar, Calcutta.
Rai Chunilal Basu Bahadur M. B., F. C. S.
24 Mahendra Bose's Lane, Shambazar, Calcutta.
Dr. Chandrashekhar Kali L.M.S
150 Cornwallis Street, Calcutta.
Babu Chandrashekhar Mukherjee M. A., B. L.
93/5 Hari Ghosh's Street, Calcutta.
Babu Chunilal Gupta,
4/1 Bhuban Chatterjee's Lane Calcutta.

Babu Chandrabhushan Maitra M.A.
41 Guruprasad Chowdhary's Lane, Calcutta.

Babu Charuchandra Mullick,
18 Radhanath Mullick's Lane, Calcutta.

Babu Charuchandra Joytishi Bhattacharjee,
Ashoka-kutir, 5 Sree Nath Das's Lane, Calcutta.

The Hon'ble Justice Chandra Madhab Ghosh M.A., B.L.
3 Albert Row, Calcutta.

C.R. Das, Esqr, Bar.-at-law,
Russa Road, Bhowanipur, Calcutta.

Babu Charuchadra Banerjee
33 Beadon Row, Calcutta.

Dr. Charuchandra Ghosh,
165 Cornwallis Street, Calcutta.

Babu Channulall Roy,
12 Srinath Roy's Lane, Chorebagan, Calcutta.

Kaviraj Durganarayan Sen Shastri,
75/3 Beniatola Street, Calcutta.

Babu Dwijendra Nath Singha M. N. P. S. (London),
120/2 Musjidbary Street, Calcutta.

Babu Debaprasanna Ghosh,
75 Beadon Street, Calcutta.

Kaviraj Dinanath Kabiratna Shastri,
61/3 Banshtola Street, Calcutta.

Dr. Debendranath Roy,
12 Hallwell's Lane, Calcutta.

Babu Diptendramohan Mukherjee,
19 Pathuriaghata Street, Calcutta.

Babu Debendranarain Mitra
55/7 Grey Street, Calcutta

Babu Debendrachandra Mullick M.A., B.L.
69 Serpentine Lane, Calcutta.

Babu Debendraprashad Ghosh,
82 Sitaram Ghosh's Street, Calcutta.

Babu Dvijendranath Basu,
8 Guruprosad Chowdhuri's Lane, Calcutta.
Babu Dwarkanath Basu, Overseer,
Tala, Cossipur-Chitpur Municipal office, Calcutta.
Rai Dwarkanath Sircar Bahadur,
121 Cornwallis Street, Calcutta.
Babu Doorgacharan Mukherjee,
42 Bancharam Akrur's Lane, Bowbazar, Calcutta.
Babu Dinanath Mazoomdar,
81 Rammohun Saha's Lane, Calcutta.
Babu Dvijendranath Mallik
164 Baranosi Ghoshe's Street, Calcutta.
Babu Gaganendra Nath Tagore,
6, Dwarkanath Tagore's Lane, Jorasanka, Calcutta.
The Hon'ble Justice Gurudas Banerjee M.A.,D.L.,
19, Sastitola Road, Narikeldanga, Calcutta.
Babu Girish Chandra Ghose,
13, Basupara Lane, Calcutta.
Babu Girish Chandra Ray,
8, Hogalkuria Lane, Calcutta.
Babu Gourisanker De, M.A.
38/2, Nilmony Mitter's Street, Calcutta.
G. C. Basu Esqr. M.A.&c. (1)
191, Bowbazar Street, Calcutta.
Babu Gurudas Chatterjee,
201, Cornwallis Street, Calcutta.
Babu Girish Chandra Basu, (2).
19/1/1, Kali Das Singha's Lane, Calcutta.
Babu Gobinda Lall Dutt,
18/4, Akrur Dutt's Lane, Calcutta.
Babu Girish Chandra De,
92, Russa Road, Bhowanipur, Calcutta.
Babu Golap Chandra Sarcar Shastri, M.A.B.L.
20, Sankharytolla East Lane, Calcutta.

Babu Girish Chandra Dutt,
4, Nawabdi Ostagar's Lane, Calcutta.

Babu Gunendranath Basu Mallik.
15/16, Hari Ghosh's Street, Calcutta.

Babu Hirendranath Dutt M.A.B.L.
139, Cornwallis Street, Calcutta.

Babu Hitendranath Tagore,
6, Dwarkanath Tagore's Lane, Calcutta.

Babu Haranchandra Banerjee M.A.B.L.
19, Sastitola Road, Narikeldanga. Calcutta

Dr. Haranath Basu L.M.S.
1, Isswar Mill's Lane, Goabagan, Calcutta.

Kabiraj Haralall Gupta
80, Beadon Street, Calcutta.

Babu Haricharan Basu,
71, Pathuriaghata Street, Calcutta.

Mahamahopadhaya Haraprasad Shastri M.A.
12/1/4, Pataldanga Street, Calcutta.

Babu Haran Chandra Rakshit,
52, Guruprosad Chowdhury's Lane, Calcutta.

Hem Chandra Mullick Esqr.
12, Wellington Street, Calcutta.

Kumar Hemendra Kumar Ray,
86. Lower Circular Road, Calcutta.

Babu Hemendraprasad Ghosh B.A.
82, Sitaram Ghose's Street, Calcutta.

Babu Haripada Dutta
64, Muktaram Babus' Street, Calcutta.

Babu Hem Chandra Basu,
6, Sanatan Seals' Lane, Calcutta.

Babu Hem Chandra Mitra
19, Shampuker Lane, Calcutta.

Babu Hari Charan Banerjee,
88, Machhuabazar Street, Calcutta.

Babu Hara Kanta Gangopadhaya,
16, Theatre Road, Calcutta.

Babu Hari Charan Mukherjee B.L.
1, Jeliapara Road, Bhowanipur, Calcutta.

Babu Hari Bhushan Mukherjee,
10, Sikdarpara Street, Jorasanko, Calcutta.

Babu Hemendranath Singha B.A.
Calcutta.

Babu Harendranath Basu,
Fariapookar Stret, Calcutta.

Babu Hemchandra Sen, B. A.
1/27 Fariapookar Street, Calcutta.

Babu Harasankar Roy,
44 European Asylum Lane, Calcutta.

Babu Indubhusan Mazumdar B.L.
Cossipur Road, Barahnagar, Calcutta.

Babu Indumadhab Mullick M.A.,B.L.,L.M.S.
79-2, Harrison Road, Calcutta.

Babu Jnanandra Nath Das M.A. B.L.
4, William's Lane, Calcutta.

Babu Jyotirindra Nath Tagore,
19, Store Road, Ballygunge, Calcutta.

Babu Jagadish Chandra Basu B.L.
46, Strand Road, Kalighat, Calcutta

Dr. J. N. Ghosh M.D.
65/2, Beaden Street, Calcutta.

Babu Jnanchandra Ghosh M.A.
1/22, Furiapuker Street, Calcutta.

Maharaja Jagadindranath Roy Bahadoor,
4 Lansdown Row, Calcutta.

Babu Jnansankar Sen, Dy. Collector,
63 Upper Circular Road, Calcutta.

Rai Jatindra Nath Chowdhury M.A.B.L.
Kutighatta Street, Barahanagara, Calcutta

Babu Jatish Chandra Samajpati,
2-1, Ramdhone Mister's Lane, Shampuker, Calcutta.
Babu Jogendra Chandra Dutt M.A.B.L.
171, Maniktolla Street, Calcutta.
Kaviraj Jogendra Nath Sen Bidyabhushan M.A.
347, Upper Chitpur Road, Calcutta.
Babu Jogendra Nath Sarkar,
64, College Street, Calcutta.
Babu Jogendra Nath Mittra M.A.
81, Maniktola Street, Calcutta.
Babu Jadu Nath Barat,
35-36, Shibnarain Das's Lane, Calcutta.
Babu Jagneswar Banarjee,
1, Sreenath Das's Lane, Calcutta.
J. Chowdhury Esqr. M.A. (Bar-at-law)
76, Lower Circular Road, Calcutta.
Babu Jogindra Nath Basu B.A.
1, Darpanarain Tagore's Street, Calcutta.
Babu Jatindra Nath Basu M.A.,
14, Balaram Ghoshe's Street, Calcutta.
Babu Jogesh Chandra Ghosh,
134, Cornwallis Street, Calcutta.
Babu Jotindra Nath Basu
114, Upper Circular Road, Calcutta.
Rai Jadavachandra Chakravartty Bahadoor,
23 Fordyce Lane, Bowbazar, Calcutta.
Babu Khagendra Nath Chatterjee B.A.
6, Muddan Mohan Chatterji's Lane, Calcutta.
Babu Khagendra Nath Banerjee,
100/1 Taltala Lane, Calcutta.
Babu Khagendra Nath De B.A. Attorney, at-law.
38, Cornwallis Street, Calcutta.
Babu Khetindra Nath Tagore, Tattvanidhi B.A.
6, Dwarka Nath Tagore's Lane Jorasanko, Calcutta.

Babu Khirodaprasad Bidyabinoda M.A.
26, Harralall Mitter's Street, Baghazar, Calcutta.

Dr. Kalachand De, L.M.S.
44 Bagbazar Street, Calcutta.

Kaviraj Karuna Kumar Sen Gupta.
25 Rajabagan Junction Road, Calcutta.

Babu Kiran Chandra Dutta,
1, Ramkanta Bose's 1st, Lane, Calcutta.

Babu Kailash Chandra Basu B.L.
57 Shampuker Street, Calcutta.

Babu Krishna Dhan Mukherjee,
63, Baranasi Ghose's Street, Calcutta.

Babu Kanai Lall Ghoshal.
14, Joogalkishore Das's Lane, Calcutta.

Babu Kedar Nath Mittra,
14, Kaliprasad Dutt's Street, Calcutta.

Babu Kalidass Nath
14, Umesh Chandra Dutt's Lane, Calcutta.

Babu Kanai Lall Mukherjee, M.A B.L.
Natyamundir, Haritakibagan Lane, Calcutta.

Babu Kalinarayan Sannyal.
Raybagan Lane, Calcutta.

Babu Kumud Nath Ganguli, Attorney-at-Law.
89, Baranasi Ghose's Street, Calcutta.

Badu Kedar Nath Basu,
64 Aukhil Mistry's Lane, Calcutta.

Dr. Krishnakumar Ghose L.M.S.
3, Ramkrishna Dass's Lane, Badurbagan, Calcutta.

Kabiraj Kherodachandra Sen,
72/1, Muktaram Baboo's Street, Calcutta.

Badu Kalikrishna Tagore,
1, Darpanarain Tagore's Street, Calcutta.

Babu Kedar Nath Sanyal,
Musjidbari Street, Calcutta.

Babu Kulada Kinkar Ray B.L.
59, Amherst Street, Calcutta.

Kaviraj Kherodachandra Sen,
72/I, Muktaram Baboo's Street, Calcutta.
Babu Kalikrishna Tagore,
I, Darpanarain Tagore's Street, Calcutta.
Babu Kedar Nath Sanyal,
Musjidbari Street, Calcutta.
Babu Kulada Kinker Ray B.L.,
59, Amherst Street, Calcutta.
Rev. Kali Charan Banerjee, M.A. B.L.,
199 Cornwallis Street, Calcutta.
Babu Khettranath Ghosh, Metrapolitan Institution
Sankar Ghosh's Street, Calcutta.
Babu Kalikrishna Bhattacherji,
22 Sitaram Ghosh's Street, Calcutta.
Babu Khettra Chandra Mukherjee,
7 Sankeritola Lane, Calcutta.
Babu Kherode Behary Pal,
344 Upper Chitpur Road, Calcutta.
Babu Kulabhushan Banerjee,
58 Sankeritolla Lane, Calcutta.
Babu Kamalkrishna Saha,
18 Durgacharan Mukherjee's Street, Calcutta.
Babu Kishorimohan Gupta M.A,
5 K. B. Sen's Lane, Calcutta.
Babu Kaliprasanna Ray Chowdhury,
Shibpur, Howrah.
Babu Kshetranath Pal,
53 Mirzapur Street, Calcutta.
Babu Ladlymohan Ghosh,
1 Harrington Street, Calcutta.
Babu Lalit Coomar Banerjee M.A.,
70 Akhil Mistri's Lane, Calcutta.
Babu Lalitmohan Rakshit,
14 Shampukur Lane, Calcutta.

Babu Lalit Chandra Mittra M.A.
